

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-২ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.৩৬.০০১.১৮.১৩০

তারিখ: ২০ আষাঢ়. ১৪২৬

০৪ জুলাই ২০১৯

বিষয়: **জাতীয় তথ্য বাতায়নের অধীনে বাস্তবায়িত মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণ।**

জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) বিশ্বের বৃহত্তম তথ্য বাতায়নগুলোর অন্যতম। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(৫) নির্দেশের আলোকে একটি সমন্বিত প্ল্যাটফরমে জাতীয় তথ্য বাতায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের সকল অফিসের জন্য ওয়েবসাইট তৈরি করা হয়েছে। এ বাতায়নের তথ্য সমৃদ্ধকরণসহ হালনাগাদকরণে মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ অসামান্য অবদান রেখেছেন। জাতীয় তথ্য বাতায়ন তথ্য ও সেবার ক্ষেত্রে অনবদ্য অবদান রাখায় ইতোমধ্যে একাধিক আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত হয়েছে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় তথ্য বাতায়নের আওতায় মন্ত্রণালয়/বিভাগসহ সকল তথ্য বাতায়নের অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের জন্য কর্মশালার আয়োজন করা করা হয়েছে এবং ভিডিও কনফারেন্সসহ নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে। এছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর হতে তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে যে, বেশ কিছু তথ্য বাতায়নে ব্যবহারকারীদের জন্য প্রয়োজনীয় তথ্য এখনও হালনাগাদ করা হয়নি। এ প্রেক্ষাপটে তথ্য বাতায়ন অধিকতর ব্যবহারকারীবান্ধবকরণ, তথ্য-সমৃদ্ধকরণ এবং তথ্যাদি হালনাগাদকরণের জন্য নিম্নোক্ত পদক্ষেপ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- ক) সকল কর্মকর্তার ছবি, ফোন নম্বরসহ হালনাগাদ তথ্য সংযোজন করা;
- খ) তথ্য বাতায়নে ‘আইন/নীতিমালা/প্রজ্ঞাপন/পরিপত্র’ নামক একটি সেবাবক্সে মন্ত্রণালয়/ বিভাগের সংশ্লিষ্ট সকল আইন, বিধি, নীতি, প্রজ্ঞাপন, পরিপত্র, প্রবিধান ও নির্দেশিকা ইত্যাদি আপলোড করা;
- গ) তথ্য বাতায়নের বাংলা ও ইংরেজি ভার্সনের তথ্যের মধ্যে সামঞ্জস্য বজায় রাখা ও মানসম্মত তথ্য সংযোজন;
- ঘ) তথ্য বাতায়নে কী কী তথ্য ও সেবা সম্প্রতি সংযোজন করা হয়েছে তা ব্যবহারকারীদের নিকট জ্ঞাতকরণের ব্যবস্থা গ্রহণ;
- ঙ) তথ্য বাতায়ন ব্যবহারকারীবান্ধবকরণে তথ্য বাতায়নের ম্যানুয়াল ও ভিডিও গাইডলাইন দেখে বাতায়নের তথ্য-উপাত্ত আপলোড এবং সজ্জিতকরণ; এবং
- চ) তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য আওতাধীন দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান এবং নিয়মিত পরিবীক্ষণ।

৩। বর্গিতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের তথ্য বাতায়নসহ আওতাধীন সকল দপ্তর/সংস্থার তথ্য বাতায়নের তথ্যাদি হালনাগাদকরণ শত ভাগ বাস্তবায়ন নিশ্চিত করে আগামী ৩০ জুলাই ২০১৯ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৪-৭-২০১৯

মোছাঃ শিরিন সবনম

উপসচিব

ফোন: ৪৭১১৯৪৯৭

ফ্যাক্স: ৯৫১৩৩০২

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)


ইমেইল: eg_sec2@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.৩৬.০০১.১৮.১৩০/১(৭৪)

তারিখ: ২০ আষাঢ় ১৪২৬
০৪ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)।
- ২) জেলা প্রশাসক (সকল)।
- ৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) ভারপ্রাপ্ত সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৪-৭-২০১৯

মোছাঃ শিরিন সবনম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
আইসিটি শাখা
www.rajshahidiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৭.০৪.০০১.১৯.১৪৯

তারিখ: ২ শ্রাবণ ১৪২৬
১৭ জুলাই ২০১৯

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২১-৭-২০১৯

শেখ এহসান উদ্দীন
সহকারী কমিশনার
ফোন: ০৭২১-৭৭০৯১৮
ফ্যাক্স: ০৭২১-৭৭২৫২৯

জেলা প্রশাসক,
রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

ইমেইল: acdev_divcom@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
আইসিটি শাখা
www.bogra.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০২৪.৩৫.০০১.১৮.১৫২

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৬
০৮ আগস্ট ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



৮-৮-২০১৯

মারুফ আফজাল রাজন
সহকারী কমিশনার

১),

বগুড়া

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া

৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০২৪.৩৫.০০১.১৮.১৫২/১

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৬

০৮ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।



৮-৮-২০১৯

মারুফ আফজাল রাজন
সহকারী কমিশনার